

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল।
(স্থানীয় সরকার শাখা)
www.tangail.gov.bd

স্মারক নং-০৫.৩০.৯৩০০.০১১.০৫.০৫৩.১৮-

৫২৪

তারিখ : ২৬ ভদ্র ১৪২৬
২৬ আগস্ট, ২০১৯


নিয়োগ বিজ্ঞপ্তি

ইউনিসেফ এর সহায়তায় জেলা প্রশাসন, টাঙ্গাইল কর্তৃক বাস্তবায়নাবলী "লোকাল গভারনেন্স ফর চিলড্রেন (এলজিসি)" কর্মসূচির জন্য সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র কর্মসূচির জন্য ডিসেম্বর ২০১৯ মেয়াদে নিম্ন বর্ণিত পদে যোগ্যতা সম্পন্ন লোক নিয়োগ করা হবে।

পদের নাম, সংখ্যা ও বেতন ভাতাদি	কর্মস্থল	যোগ্যতা ও অভিজ্ঞতা
এলজিসি জেলা কো-অর্ডিনেটর ০১(এক) জন। মাসিক বেতন সর্বসাকুল্যে ৬৫,০০০/- টাকা (যাতায়াত, রাত্রিযাপন, ইন্টারনেট, মোবাইল, স্টেশনারীসহ যাবতীয় ব্যয়সহ)	ইউনিসেফ এর নীতিমালা অনুযায়ী	(১) যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ডিগ্রীধারী হতে হবে। (২) উন্নয়ন কর্মকান্ড বিশেষ করে শিশু ও মহিলা বিষয়ক কর্মসূচিতে পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন, মনিটরিং, এডভোকেসী, জেলা ও উপজেলা পর্যায়ে বিভিন্ন সরকারি ও বেসরকারি বিভাগের সাথে সমন্বয় সাধন, নেটওয়ার্কিং, ফ্যাসিলিটেশন, দক্ষতা বৃদ্ধিকরণ, তথ্য সংগ্রহ, রিপোর্টিং, আর্থিক ব্যবস্থাপনা ও কর্মীদের কারিগরী সহায়তা প্রদানে কমপক্ষে ৩(তিন) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। (৩) জেলা ও উপজেলা পর্যায়ে সরকারি ও বেসরকারি বিভাগসমূহের সাথে সমন্বয় ও সহযোগিতার মাধ্যমে বিভিন্ন কর্মসূচিতে উন্নয়নের জন্য যোগাযোগ ও কমিউনিটির অংশগ্রহণ সম্পর্কিত কাজের দক্ষতা ও মানসিকতা থাকতে হবে। (৪) দুর্যোগ ব্যবস্থাপনা, দুর্যোগের ঝুঁকি বিশ্লেষণ, দুর্যোগপূর্ণ প্রস্তুতি ও সাড়া প্রদান, পরিকল্পনা প্রণয়নে কমপক্ষে ০৩(তিন) বছরের কাজের অভিজ্ঞতা ও দক্ষতা থাকতে হবে। (৫) কম্পিউটারের বিভিন্ন প্রোগ্রামে ব্যবহার করে ইংরেজি ও বাংলা ভাষায় প্রতিবেদন তৈরি বিশ্লেষণ, পাওয়ার পয়েন্ট উপস্থাপন ও ইন্টারনেট ব্যবহারে দক্ষতা থাকতে হবে। (৬) বিকেন্দ্রীভূত পরিকল্পনা পদ্ধতি, সামাজিক উদ্ভুদ্ধকরণ ও কমিউনিটির ক্ষমতায়ন, শিশু ও মহিলাদের অধিকার বিষয়ক আধুনিক জ্ঞান ও দক্ষতা থাকতে হবে। (৭) স্থানীয় সরকারের প্রতিষ্ঠানসমূহ যেমন-ইউনিয়ন ও উপজেলা পরিষদের সাথে কাজের অভিজ্ঞতা বাড়তি যোগ্যতা থাকতে হিসাবে বিবেচিত হবে। (৮) উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে নিয়মিতভাবে পরিদর্শন করার দক্ষতা ও মানসিকতা থাকতে হবে।

অন্যান্য শর্ত ও নিয়মাবলী :

- (১) আগ্রহী প্রার্থীদেরকে সদ্য সম্প্রতি তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন সত্যায়িত ছবি, জীবনবৃত্তান্ত (মোবাইল নম্বরসহ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি, অভিজ্ঞতার সনদ ও নাগরিকত্ব সনদপত্রসহ (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল কাগজপত্র সত্যায়িত হতে হবে) আগামী ১১/০৯/২০১৯ খ্রি. বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে জেলা প্রশাসক, টাঙ্গাইল বরাবর আবেদনপত্র পৌঁছাতে হবে।
- (২) প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের নিয়োগ পরীক্ষার জন্য আহবান করা হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রদান করা হবে না।
- (৩) নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কর্তৃপক্ষ প্রয়োজন বোধে এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- (৫) নিয়োগ প্রক্রিয়ায় কোন ধরনের অন্যায় প্রভাব বিস্তার করার চেষ্টা প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।


(মোঃ শহীদুল ইসলাম)

জেলা প্রশাসক
টাঙ্গাইল।

☎ : ০৯২১-৬২৩৯০

dctangail@mopa.gov.bd




স্মারক নং-০৫.৩০.৯৩০০.০১১.০৫.০৫৩.১৮-

৫২৪

তারিখ : ২৬ ভদ্র, ১৪২৬
২৬ আগস্ট, ২০১৯

- অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :
- ০১। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, টাঙ্গাইল।
 - ০২। জনাব শরীফ নজরুল ইসলাম, উপপরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
 - ০৩। উপজেলা নির্বাহী অফিসার,(সকল), টাঙ্গাইল।
 - ০৪। চীফ অফ ফিল্ড অফিস, ইউনিসেফ, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ।


জেলা প্রশাসক
টাঙ্গাইল।
